

■■ কিতাবুল মোকাদ্দস, ইঞ্জিল শরীফ ও ঈসায়ী ধর্ম

বিভাগ/অধ্যায়ঃ ৪. ঈসা মাসীহের ধর্ম ও সাধু পলের ধর্মের মধ্যে তুলনা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ৩. ঈসা মাসীহ আল্লাহর রাসূল অথবা আল্লাহর অবতার

উপরের বক্তব্যে ঈসা মাসীহ বললেন যে, তিনি আল্লাহর প্রেরিত, অর্থাৎ রাসূল। অন্যত্র তিনি বলেন: "আর পৃথিবীতে কাহাকেও 'পিতা' বলিয়া সম্বোধন করিও না, কারণ তোমাদের পিতা এক জন, তিনি সেই স্বর্গীয়। তোমরা 'আচার্য' বলিয়া সম্ভাষিত হইও না, কারণ তোমাদের আচার্য এক জন, তিনি খ্রীষ্ট।" (মথি ২৩/৯-১০) এ কথারও একই অর্থ: আল্লাহ ছাড়া কোনো মাবূদ নেই এবং ঈসা তাঁর রাসূল, যাকে একমাত্র আচার্য বা শিক্ষক হিসেবে গ্রহণ করতে হবে। অথচ পলীয় ধর্মে তাঁকে আচার্য, উস্তাদ বা রাসূল মানলে নাজাত তো দূরের কথা অনন্ত জাহান্নাম ছাড়া কিছুই মিলবে না। নাজাত লাভ করতে তাঁকে ঈশ্বরের অবতার ও মানবদেহধারী ঈশ্বর বলে বিশ্বাস

উল্লেখ্য যে, প্রচলিত ইঞ্জিলের মধ্যে ঈসা মাসীহ বারংবার নিজেকে আল্লাহর নবী (prophet) বলে ঘোষণা করেছেন। (মার্ক ৬/৩-৬; লুক ১৩/৩৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11157

করতে হবে (যোহন ১/১, ১৪: ১ তিমথীয় ৩/১৬)।

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন